গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক : ৪৩.০০.০০০০.১১৮.১৪.৪৬৯.১৪- ১৫৮

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ।
০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়: উন্নয়ন প্রকল্প/কর্মসূচি সরজমিনে পরিদর্শন সংক্রান্ত।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৩ এবং ২৩ক অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের জনগণের সাংস্কৃতিক ঐতিহ্য ও উত্তরাধিকার সংরক্ষণ, জাতীয় ভাষা, সাহিত্য ও শিল্পকলার পরিপোষণ, উন্নয়ন, বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া, Rules of Business, 1996 এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রূপকল্প ও অভিলক্ষ্য অনুযায়ী দেশজ সংস্কৃতি (পরিমেয় ও অপরিমেয়), কৃষ্টি, ইতিহাস, ঐতিহ্য, মুক্তিযুদ্ধের চেতনা, সমকালীন শিল্প ও সাহিত্য সংরক্ষণ এবং গবেষণা ও উন্নয়নের মাধ্যমে জাতির মানসিক বিকাশ ও উৎকর্ষ সাধন এই মন্ত্রণালয়ের অন্যতম দায়িত্ব। এই লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রতি অর্থ-বছরে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প/কর্মসূচি গ্রহণ করছে। এসব প্রকল্প/কর্মসূচি নির্ধারিত সময়ে ও যথাযথ গুণগতমান রক্ষা করে বাস্তবায়নের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন চ্যালেঞ্জ/প্রতিবন্ধকতার কারণে নির্ধারিত সময়ে কোন কোন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করা যাচ্ছে না। এতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) লক্ষ্যমাত্রা অর্জিত হয় না। তাছাড়া, জনগণও কাঙ্ক্ষিত সেবা হতে বঞ্চিত হন।

০২। সরকারের উন্নয়ন পরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন, জনগনের আশা-আকাঙ্ক্ষার সফল প্রতিফলন, কাজের গতিশীলতা বৃদ্ধি, দাপ্তরিক কাজের মানোন্নয়ন, কর্মদক্ষতা বৃদ্ধি, প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি দূরীকরণ ইত্যাদির জন্য গৃহীতব্য/চলমান উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের জন্য সরজমিনে পরিদর্শন একটি অন্যতম গুরুত্ব নিয়ামক।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্প/কর্মসূচি নির্ধারিত সময়ে ও নির্ধারিত পদ্ধতিতে গুনগতমান রক্ষা করে বাস্তবায়নের লক্ষ্যে সরজমিনে পরিদর্শন করার জন্য নিম্নোল্লিখিত বিষয়াদি অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

(১) এই মন্ত্রণালয়ের যে অনুবিভাগ মন্ত্রণালয়ের আওতাধীন যে অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রশাসনিক ও অন্যান্য কার্যক্রম মনিটরিং করে থাকে, সাধারণভাবে উক্ত অনুবিভাগের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থার চলমান উন্নয়নমূলক কার্যক্রম সরজমিনে পরিদর্শন করবেন;

(২) পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কর্মকর্তাগণ গৃহীতব্য/চলমান সকল প্রকল্প/কর্মসূচি পরিদর্শন করতে পারবেন;

(৩) সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি-পরিচালক বাস্তবতা ও প্রয়োজনীয়তার নিরিখে নিয়মিতভাবে উক্ত প্রকল্প/কর্মসূচি পরিদর্শন করবেন;

(৪) পরিদর্শন কার্যকর, অর্থবহ, স্বচ্ছ ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা, পরিকল্পনা কমিশন/আইএমইডি-এর প্রতিনিধি, অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান, প্রকল্প/কর্মসূচি পরিচালক, সংশ্লিষ্ট দায়িত্বশীল প্রকৌশলি, ঠিকাদার, স্থানীয় প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে সরেজমিন পরিদর্শন করা যেতে পারে। তবে, সর্বক্ষেত্রে ও সকল সময়ে

এমন পরিদর্শনের আবশ্যকতা নেই। কেবল প্রয়োজনীয়তা ও বাস্তব অবস্থার নিরিখে এমন সমন্বিত পরিদর্শন কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

(৫) অনুবিভাগ-প্রধান নিজে পরিদর্শনে আগ্রহী হলে সচিব মহোদয়ের পূর্বানুমতি নিয়ে অথবা অনুবিভাগের আওতাধীন কোন কর্মকর্তার কোন প্রকল্প/কর্মসূচি পরিদর্শনের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুবিভাগ-প্রধান তার সমন্বয় সাধন করবেন;

(৬) আবশ্যকীয় ক্ষেত্রে অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি পরিচালকের সঙ্গে প্রকল্প/ কর্মসূচি পরিদর্শন করবেন এবং প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের প্রতিবন্ধকতা দূরীকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন;

(৭) পরিদর্শনকে কার্যকর ও অর্থবহ করার লক্ষ্যে সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচির সর্বশেষ চ্যালেঞ্জ/প্রতিবন্ধকতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যসমূহ পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি পরিচালকের থেকে জেনে সরজমিনে যাওয়া যাবে;

(৮) বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসক তাঁর অধিক্ষেত্রভুক্ত উন্নয়নমূলক প্রকল্প/কর্মসূচি পরিদর্শন করতে পারবেন এবং পরিদর্শনের ওপর মতামতসহ একটি প্রতিবেদন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;

(৯) পরিদর্শন প্রতিবেদনের ওপর বিরূপ মন্তব্য থাকলে প্রকল্প/কর্মসূচি- পরিচালক ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগ/ঠিকাদার প্রয়োজনীয় ব্যাখ্যা/মতামত দিতে পারবেন;

(১০) পরিদর্শন প্রতিবেদন সুস্পষ্ট, বস্তুনিষ্ঠ, প্রাসঙ্গিক ও তথ্যবহুল হতে হবে;

(১১) যে প্রকল্প/কর্মসূচির ওপর পরিদর্শন করা হবে পরিদর্শন প্রতিবেদনে তার একটি সংক্ষিপ্ত পরিচিতিমূলক বিবরণ থাকতে হবে;

(১২) পরিদর্শনকালে প্রকল্প দলিলের গুরুতর বিচ্যূতি হলে অথবা ভুল-ভ্রান্তি ও ত্রুটি-বিচ্যূতি দৃষ্টিগোচরে আসলে উক্ত বিষয়ে মতামত/পরামর্শ দিতে হবে;

(১৩) পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান, প্রকল্প/কর্মসূচি পরিচালক (পরিদর্শনকারী না হলে) ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদারের নিকট প্রেরণ করতে হবে;

(১৪) পূর্ববর্তী পরিদর্শন প্রতিবেদনের ওপর গৃহীত কার্যক্রম নির্দেশনা/মতামত প্রতিপালিত হয়েছে কিনা পরবর্তী পরিদর্শনকারী কর্মকর্তা উহা পরীক্ষা করে দেখবেন;

(১৫) প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের ওপর পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ যথাযথ কার্যক্রম গ্রহণ করবে;

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
০১.০৩.২০১৮
(মো: মাক্ছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ফোন: ০২-৯৫৪৫১৭৮

স্মারক : ৪৩.০০.০০০০.১১৮.১৪.৪৬৯.১৪- ১৫৮

তারিখ : ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ।
০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হলো।

০৪-০৩.১৮

আহমেদ শিবলী
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৭৬৫৩৬
ই-মেইল: sac@moca.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশন/আইএমইডি, শেরে বাংলানগর, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য)/অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। বিভাগীয় কমিশনার .............................. (সকল)।

৬। মহাপরিচালক, বাংলা একাডেমি/বাংলাদেশ শিল্পকলা একাডেমি/বাংলাদেশ জাতীয় জাদুঘর/গণগ্রন্থাগার অধিদপ্তর/ প্রত্নতত্ত্ব অধিদপ্তর।

৭। নির্বাহী পরিচালক, নজরুল ইন্‌স্টিটিউট, ধানমন্ডি, ঢাকা।

৮। যুগ্মসচিব ......................... (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। জেলা প্রশাসক ................................. (সকল)।

১০। সকল কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। পরিচালক, আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তর/জাতীয় গ্রন্থকেন্দ্র/বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও/ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা/কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার/ ক্ষুত্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্‌স্টিটিউট, বান্দরবান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্‌স্টিটিউট, রাঙ্গামাটি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্‌স্টিটিউট, খাগড়াছড়ি/রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী/মনিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার।

১৩। রেজিস্ট্রার, কপিরাইট অফিস, শেরে বাংলানগর, ঢাকা।

১৪। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।